**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 08.06.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) টানা তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হিসাবে নরেন্দ্র মোদী আগামীকাল শপথ নেবেন। দেশ বিদেশের বিশিষ্ট নেতারা উপস্থিত থাকবেন শপথগ্রহণ অনুষ্ঠানে।

রাহুল গান্ধীকে লোকসভার বিরোধী দলনেতা করার প্রস্তাব দিয়েছে কংগ্রেসের বর্ধিত কার্যনির্বাহী সমিতি।

২) কেন্দ্রের এনডিএ সরকার বেশিদিন স্থায়ী হবে না বলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন।

দলের বিজয়ী প্রার্থীদের সঙ্গে বৈঠকে রাজ্যের দাবি দাওয়া নিয়ে সরব হওয়ার নির্দেশ।

৩) রাজ্যে অব্যাহত ভোট পরবর্তী হিংসা।

৪) ঋণের বোঝা মুক্তির লক্ষ্যে দ্বাদশ অর্থ কমিশনের সুপারিশ মত পৃথক তহবিল গঠন রাজ্যের।

৫) পশ্চিমের জেলাগুলিতে আগামী বুধবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা। আগামী দুদিন ঝড় বৃষ্টি চলবে উত্তরবঙ্গের ৫ জেলায়।

---

কেন্দ্রে এনডিএ সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের প্রস্তুতি চলেছে জোরকদমে। শীর্ষ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আগামীকাল সন্ধ্যা ৭ টা ১৫ মিনিটে টানা তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন। রাষ্ট্রপতি ভবনে তাঁকে শপথবাক্য পাঠ করাবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন প্রতিবেশী দেশগুলির নেতৃবৃন্দ। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরাও অনুষ্ঠানে যোগ দেবেন।

এনডিএ সংসদীয় দলের নেতা নির্বাচিত হওয়ার পর নরেন্দ্র মোদী গতকাল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাত্ করে নতুন সরকার গঠনের দাবি জানান।

----------------------

এদিকে, কংগ্রেস নেতা রাহুল গান্ধীকে লোকসভার বিরোধী দলনেতা করার প্রস্তাব পেশ হল কংগ্রেস এর বর্ধিত কার্য্যনির্বাহী সমিতির বৈঠকে। সমিতির সদস্যরা সর্বসম্মতিক্রমে আজ রাহুলকে লোকসভার বিরোধী দলনেতা নিয়োগ করার প্রস্তাব দেন। লোকসভা নির্বাচনে সাফল্য ও পরবর্তী পদক্ষেপ পর্যালচনা করতে আজ নতুন দিল্লীতে কার্য্যনির্বাহী সমিতির বৈঠক বসে। উপস্থিত ছিলেন দলের সভাপতি মল্লিকার্জুন খাড়গে, সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী, দলের সাধারন সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী ভাদরা প্রমুখ। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও বৈঠকে যোগ দেন। পরে এক সাংবাদিক সম্মেলনে দলের নেতা কে সি বেণুগোপাল, দল রাহুল গান্ধীকে লোকসভায় বিরোধী দলনেতার পদ নেওয়ার জন্য অনুরোধ জানিয়েছে বলে উল্লেখ করেন।

বাইট

----------------------

কেন্দ্রে এনডিএ সরকার বেশিদিন স্থায়ী হবে না বলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন। আজ কালীঘাটে দলের জয়ী প্রার্থীদের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মমতা বলেন, কেন্দ্রের সরকারের কাছে এনআরসি এবং সিএএ বাতিলের দাবি জানাবে দল। পাশাপাশি অভিন্ন দেওয়ানি বিধিরও যথাসম্ভব বিরোধিতা করা হবে বলে তিনি জানান।

বাইট

রাজ্যের বকেয়া দাবি দাওয়া নিয়ে নবনির্বাচিত সাংসদদের সরব হওয়ার নির্দেশ দেন তৃণমূল প্রধান। এক্সিট পোলের নামে শেয়ার বাজার থেকে কোটি কোটি টাকা কিভাবে উড়ে গেল, তা তদন্ত করে দেখা উচিত বলেও তিনি দাবি জানিয়েছেন।

কয়েকটি আসনে দলকে জোর করে হারানো হয়েছে বলে অভিযোগ তুলে বিপুল ভোটে দলকে জয়ী করার জন্য রাজ্যবাসীকে ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী।

এদিনের বৈঠকে ইন্ডি জোটে থেকে আগামী দিনে দলের ভূমিকা কি হবে, সে বিষয়ে আলোচনা হয়েছে। হেরে যাওয়া আসনগুলি নিয়েও বৈঠকে আলোচনা হয়েছে।

বাইট

সংসদীয় দলের চেয়ারপার্সন নির্বাচিত হয়েছেন মমতা ব্যানার্জী নিজে। ঠিক হয়েছে, আগের মতই সুদীপ বন্দ্যোপাধ্যায় লোকসভায় দলের নেতা থাকবেন। ডেপুটি লিডার হচ্ছেন কাকলি ঘোষ দস্তিদার। কল্যাণ বন্দ্যোপাধ্যায় লোকসভায় দলের মুখ্য সচেতকের দায়িত্বভার পালন করবেন।

রাজ্যসভায় দলনেতার দায়িত্বে থাকছেন ডেরেক ওব্রায়েন। ডেপুটি লিডার সাগরিকা ঘোষ এবং মুখ্য সচেতকের দায়িত্বভার পালন করবেন নাদিমুল হক।

----------------------

রাজ্যে ভোট পরবর্তী হিংসা অব্যাহত।

হুগলীর গোঘাটের কুমারগঞ্জ গ্রাম পঞ্চায়েত এর ভুরকুন্ডা এলাকায় তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে সজ্ঘর্ষ ঠেকাতে গিয়ে ৮ জন পুলিশ কর্মী আহত হয়েছেন। সূত্রের খবর, বিজেপির পতাকা লাগানো নিয়ে শুরু হয় অশান্তি। পুলিশ সেখানে উপস্থিত হলে পুলিশের সঙ্গে জনতার খণ্ডযুদ্ধ বাধে। ইট লেগে মাথা ফাটে এক পুলিশ কর্মীর।

ঘটনায় ৬ বিজেপি কর্মীও আহত হয়েছেন বলে জানা গেছে। ৭ বিজেপি কর্মী এবং ৩ তৃণমূল কর্মীকে গ্রেফতার করা হয়েছে। এলাকায় উত্তেজনা রয়েছে।

মুর্শিদাবাদের বহরমপুরের কুঞ্জঘাটা এলাকায় কংগ্রেসের দলীয় কার্যালয় ভাঙচুর চালানোর অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। ভোট পরবর্তী হিংসায় এই জেলায় গ্রামছাড়াদের ঘরে ফেরাতে মহকুমা পুলিশ আধিকারিকের'র কাছে স্মারকলিপি জমা দিয়েছেন জেলা কংগ্রেস নেতৃত্ব। রানীনগর বিধানসভার পাহাড়পুর, গোপীনাথপুর, মদনপুর, মরিচা ও দক্ষিণ চরমাঝারদিয়াড়ে তৃণমূল কংগ্রেস সন্ত্রাস চালাচ্ছে বলে অভিযোগ। গোপীনাথপুরে, এক গর্ভবতী মহিলার পেটে লাথি মারারও অভিযোগ করেছে কংগ্রেস।

বুথে বিজেপির এজেন্ট হওয়ার কারণে বর্ধমান শহরের মিঠাপুকুর এলাকায় বিশ্বনাথ মোদক নামে এক ব্যক্তির দোকানে ভাঙ্গচুর, লুটপাট ও মারধরের অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। তাঁর স্ত্রীকে মারধর করারও অভিযোগ উঠেছে।

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের এবিএল মোড়ে বিজেপি'র অস্থায়ী একটি কার্যালয় গতরাতে আগুনে পুড়িয়ে দেওয়ার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে আজ এলাকায় চাঞ্চল্য ছড়ায়। বিজেপির অভিযোগ লোকসভা নির্বাচনে দুর্গাপুর পুরসভার ৪৩ টি ওয়ার্ডের মধ্যে কয়েকটি ওয়ার্ড বাদ দিয়ে সব গুলোতে তৃণমূল হেরে গিয়েছে। তাই আতঙ্কে তারা এই কাজ করেছে।

শিলিগুড়ির ৩৯ নং ওয়ার্ডে এক বিজেপি কর্মীকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। এর প্রতিবাদে আজ ভক্তিনগর থানায় বিক্ষোভ দেখিয়েছেন বিজেপি কর্মী সমর্থকরা।

ভোটের আগে নন্দীগ্রামের খুন হওয়া বিজেপি সমর্থক রথীবালা আড়ির জন্য ন্যায়বিচারের দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ নন্দীগ্রামে সাংবাদিকদের কাছে শুভেন্দু বলেন, পুলিশের মদতে তৃণমূল কংগ্রেসের দুষ্কৃতীরা সন্ত্রাস চালাচ্ছে। লোকসভা নির্বাচনে কাঙ্খিত ফল না হলেও দল অনেক বিধানসভায় ভালো ফল করেছে বলেও শুভেন্দু দাবি করেছেন।

বাইট

---------------------

রাজ্যের বিভিন্ন জায়গায় বিরোধী কর্মী সমর্থকদের ওপর শাসকদলের হামলার অভিযোগ খারিজ করেছেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, দল কোনোভাবেই এর সঙ্গে জড়িত নয়। ব্যক্তিগত রোষের কারণে এধরনের ঘটনা হয়ে থাকতে পারে বলে মন্তব্য করেন তিনি।

বাইট

---------------------

দীর্ঘদিনের ঋণের বোঝা থেকে রাজ্যকে মুক্ত করতে দ্বাদশ অর্থ কমিশনের সুপারিশমতো একটি পৃথক তহবিল গঠন করা হয়েছে। ‘কনসোলিডেটেড সিঙ্কিং ফান্ড’নামের এই তহবিলের অর্থ শুধুমাত্র দেনা পরিশোধের জন্যই ব্যবহার করা হবে বলে অর্থ দফতর জানিয়েছে। অন্য কোনো খাতে এই তহবিলের অর্থ খরচ করা যাবে না। তহবিলের জন্য অর্থ জোগান দিতে প্রতি বছর রাজ্য বাজেট থেকে একটি নির্দিষ্ট টাকা বরাদ্দ করা হবে। সরকারি সম্পত্তি বিক্রি করে প্রাপ্ত অর্থ, সরকারি টেন্ডারের সিকিউরিটি ডিপোজিট বা আর্নেস্ট মানি, আদালতে জামিন নেয়ার সময় বন্ড বাবদ জমা করা অর্থ এই তহবিলে থাকবে।

---------------------

শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্মে সংস্কারের কাজ চলায় শিয়ালদা মেন ও বনগাঁ শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। আগামীকাল দুপুর ২ টো পর্যন্ত বন্ধ থাকবে এই পাঁচটি প্ল্যাটফর্ম। এর জেরে চরম দুর্ভোগে পড়েচেন যাত্রীরা। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

---------------------

রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে আগামী বুধবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পশ্চিম বর্ধমান ও পশ্চিম মেদিনীপুর জেলায় তাপমাত্রা ৪০ ডিগ্রি পেরোতে পারে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, দুই মেদিনীপুর ও দুই ২৪ পরগণাতে আগামী বুধবার পর্যন্ত ঘর্মাক্ত ও অস্বস্তিকর গরম পরিস্থিতি থাকার সম্ভাবনা।

এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও কোচবিহার – এই জেলাগুলিতে আগামী সোমবার পর্যন্ত বজ্রবিদ্যুত্‍ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। দুই দিনাজপুর ও মালদায় আজ থেকে আগামী দু-তিন দিন ঝোড়ো হাওয়ার সঙ্গে বৃষ্টি চলবে।

--------------------- ---------------------